

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

উপ.সচিব(স্বাস্থ্য)
৪/৬/১৮

২৩/৬/১৮

স্মারক নং-সিএও/স্বাস্থ্য/প্রশা/বিবিধ/৪৫৩ (খন্ড-৪)/ ০৫

তারিখঃ ২৮/০৫/২০১৮ খ্রিঃ

বরাবর,

সচিব
স্বাস্থ্যসেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা -১০০০।

৪/০
২৩/৬/১৮
৪/০
২৩/৬/১৮

বিষয়ঃ **Pre-audit** কার্যক্রম যথাযথভাবে সমাধা করার জন্য ২০১৭-২০১৮ অর্থ বছরের বিল দাখিল প্রসঙ্গে।

- ১। উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক উল্লেখ করা যাচ্ছে যে, প্রত্যেক অর্থ বছরের শেষ দিকে মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর/দপ্তর কর্তৃক প্রচুর পরিমাণ বিল হিসাবরক্ষণ অফিসে দাখিল করা হয়। এতে কম্পিউটারাইজড সিস্টেমে তথা iBAS ++ এ বিল/চেক এন্ট্রি করার সময় সিস্টেমের গতি Slow হওয়ার পাশাপাশি সীমিত সংখ্যক জনবল দিয়ে বিদ্যমান আর্থিক বিধি-বিধান এর আলোকে দ্রুততম সময়ে যথাযথভাবে পূর্ব-নিরীক্ষার কাজ সম্পন্ন করে চেক ইস্যু/নিষ্পত্তি করতে জটিলতার সৃষ্টি হয় এবং হিসাবরক্ষণ অফিসকেও নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। অধিকন্তু Pre-audit কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা এবং আর্থিক শৃঙ্খলা রক্ষার লক্ষ্যে প্রয়োজনীয় নিরীক্ষার জন্য কিছু সময় অত্যাবশ্যক। এ ছাড়া iBAS ++ সিস্টেম ২৮ জুন মধ্যরাত ১২.০০ ঘটিকায় (২৯ ও ৩০ জুন সাপ্তাহিক ছুটি থাকায়) স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাওয়ার কারণে এবং হিসাবরক্ষণ অফিসের সিটিজেন চার্টারে বর্ণিত বিল পাশের নির্ধারিত সময়সীমা অনুসরণ পূর্বক জুন মাসের শেষ প্রান্তিকে গৃহীত বিলসমূহ পূর্ব-নিরীক্ষা করে চেক ইস্যু বা নিষ্পত্তি করা সম্ভব না হওয়ার মত অনভিপ্রেত ঘটনা ঘটারও আশংকা থাকে।
- ২। উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে ২০১৭-১৮ অর্থ বছরে আপনার মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর কর্তৃক অর্থ বছরের শেষ সময়ে অনেক বেশী বিল দাখিল না করে এর আগেই অত্র অফিসে বিল দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকল ডিডিও'কে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।
- ৩। উল্লেখ্য ২০১৭-১৮ অর্থ বছরে হিসাবরক্ষণ অফিসসমূহে iBAS এর উন্নততর ভার্সন iBAS ++ চালু করা হয়েছে। উক্ত ভার্সনটি সম্পূর্ণ ইন্টারনেটভিত্তিক হওয়ায় সার্বক্ষণিক বিদ্যুৎ ও ইন্টারনেট ব্যতীত চালু রাখা সম্ভব হয় না। তাই বিষয়টি অধিকতর গুরুত্বের সাথে বিবেচনা করে পর্যাপ্ত সময় রেখে বিলসমূহ এবং বিভিন্ন ডিসিএ/ডিএও/ইউএও-তে পৃষ্ঠাংকনযোগ্য অর্থ মঞ্জুরীর অর্থবিটি সমূহ অত্র অফিসে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।
- ৪। এ বিষয়ে মন্ত্রণালয়ের সহযোগিতা ও মন্তব্য-পরামর্শ অত্র অফিসের জন্য সহায়ক হবে।

আয়েশা খানম
(আয়েশা খানম)
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
ফোনঃ ৯৩৪৬৩৩০।